

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১১৫

১/ বিবিধ

আরবী

ألا رب نفس طاعمة ناعمة في الدنيا جائعة عارية يوم القيامة، ألا يا رب نفس جائعة عارية في الدنيا طاعمة ناعمة يوم القيامة، ألا رب مكرم لنفسه وهو لها مهين، ألا رب مهين لنفسه وهو لها مكرم، ألا يا رب متخوض ومتنعم فيما أفاء الله على رسوله ما له عند الله من خلاق، ألا وإن عمل النار سهل بسهو ة، ألا رب شهو ة ساعة، أورثت حزنا طويلا

موضوع

رواه أبو العباس الأصم في "حديثه " (3/142/1): حدثنا أبو عتبة: حدثنا بقية: حدثنا سعيد بن سنان عن أبي الزاهرية عن جبير بن نفير عن ابن البجير وكان من أصحاب رسول الله قال

أصاب يوما النبي صلى الله عليه وسلم الجوع فوضع على بطنه حجر ثم قال: فذكره ورواه ابن بشران في " الأمالي " (25 _ 26) من طريق إسحاق بن راهويه أنبأ بقية بن الوليد حدثني سعيد بن سنان به، والقضاعي (ق 114/2) من طريق ثالثة عن بقية به قلت: وهذا إسناد ضعيف جدا بل موضوع، آفته سعيد بن سنان هذا، وهو أبو مهدي الحمصي، قال الذهبي في " الضعفاء ": " هالك ". وقال الحافظ

" متروك، ورماه الدارقطني وغيره بالوضع

وروى أحمد (1/327) والقضاعي جملة النار في حديث لابن عباس، فيه نوح بن جعونة وهو متهم. انظر اللسان (6/172)



বাংলা

১১১৫। সাবধান! এমন কতিপয় আত্মা রয়েছে যারা দুনিয়াতে খাদ্য পেয়ে থাকে এবং প্রাচুর্যে লালিত পালিত হয়ে থাকে কিন্তু কিয়ামতের দিন ক্ষুধার্ত এবং উলঙ্গ থাকের। সাবধান! এমন কতিপয় আত্মা রয়েছে যারা দুনিয়াতে ক্ষুধার্ত ও উলঙ্গ থাকে কিন্তু কিয়ামত দিবসে খাদ্য পাবে এবং প্রাচুর্যের মাঝে থাকবে। সাবধান! এমন ব্যক্তি রয়েছে যে তার আত্মাকে সম্মান করে অথচ সে মূলত তাকে অসম্মানকারী। সাবধান! এমন ব্যক্তি রয়েছে সে তার আত্মাকে অপমান করে অথচ সে তাকে সম্মানকারী। সাবধান! এমন ব্যক্তিও রয়েছে যে কারবার করে সেই সব নেয়ামাত ভোগ করে যা আত্মাহ্ তা'আলা তার রসূলের উপর দিয়েছেন কিন্তু তার জন্য আত্মাহর নিকট কোন অংশ নেই। সাবধান মনোবৃত্তির দ্বারা জাহান্নামের আমল করা সহজ। সাবধান কখনও এক ঘন্টার মনোবৃত্তি দীর্ঘ সময়ের চিন্তার অধিকারী বানাতে পারে।

হাদীসটি জাল।

এটিকে আবুল আব্বাস আল-আসাম তার "হাদীস" গ্রন্থে (৩/১৪২/১) আবূ উতবাহ হতে, তিনি বাকিয়্যাহ হতে, তিনি সাঈদ ইবনু সিনান হতে, তিনি আবুয যাহেরিয়াহ হতে, তিনি যুবায়র ইবনু নুসায়র হতে, তিনি ইবনুল বুজায়ের হতে বর্ণনা করেছেন ...।

ইবনু বিশরান "আল-আমলী" গ্রন্থে (২৫-২৬) ইসহাক ইবনু রাহওয়াহের সূত্রে বাকিয়াহ ইবনুল ওয়ালীদ হতে, তিনি সাঈদ ইবনু সিনান হতে বর্ণনা করেছেন। কাযাঈ (কাফ ২/১১৪) তৃতীয় সূত্রে বাকিয়ার মাধ্যমে সাঈদ হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল বরং বানোয়াট। এই সাঈদ ইবনু সিনানই এর সমস্যা। তিনি হচ্ছেন আবু মাহদী আল-হিমসী। হাফিয যাহাবী "আয-যুয়াফা" গ্রন্থে বলেনঃ তিনি ধ্বংসপ্রাপ্ত। হাফিয ইবনু হাজার বলেনঃ তিনি মাতরুক। দারাকুতনী ও প্রমুখ বিদ্বানগণ তাকে জাল করার দোষে দোষী করেছেন।

ইমাম আহমাদ (১/৩২৭) ও কাযা'ঈ জাহান্নামের আগুন সম্বলিত বাক্যটি ইবনু আব্বাস (রাঃ)-এর হাদীসে বর্ণনা করেছেন। তার সনদে নূহ ইবনু জাউনাহ রয়েছেন তিনি মিথ্যা বর্ণনা করার দোষে দোষী। দেখুন "লিসানুল মীযান" (৬/১৭২)।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন